ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৩
আগরতলা, ১৬ এপ্রিল, ২০২৫

**<u>বর্ষবরণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী</u>**
**সংস্কৃতি আমাদের অলঙ্কার**




রাজ্যের মিশ্র সংস্কৃতির চর্চা এবং প্রচার ও প্রসারে রাজ্য সরকার ধারাবাহিক প্রচেষ্টা অব্যাহত রেখেছে। রাজ্য ভিত্তিক যাত্রা উৎসব, নাট্য উৎসব, চারু ও কারুকলা উৎসব আয়োজনের মধ্য দিয়ে রাজ্যের সংস্কৃতিকে এগিয়ে নিয়ে যাওয়ার প্রয়াস নেওয়া হচ্ছে। গতকাল মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ে সাংস্কৃতিক সংস্থা কাব্যলোক আয়োজিত বর্ষবিদায় ও বর্ষবরণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসার (ডা.) মানিক সাহা এই কথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, সংস্কৃতি হচ্ছে আমাদের অলঙ্কার। এই অলঙ্কারকে সাজিয়ে তোলা আবশ্যক। রাজ্যের জনজাতি সম্প্রদায়ের নিজস্ব সংস্কৃতির পাশাপাশি অন্যান্য সম্প্রদায়ের সংস্কৃতি রয়েছে। এই মিশ্র সংস্কৃতির ধারাবাহিক চর্চা ও প্রসারের প্রয়োজনীয়তার উপর মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। তিনি এই অনুষ্ঠানে রাজ্যবাসীকে নববর্ষের শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি কাব্যলোক আয়োজিত এই অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিল্পীদের ভূয়সী প্রশাংসা করেন। অনুষ্ঠানে কাব্যলোকের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীকে শুভেচ্ছা স্মারক তুলে দিয়ে সংবর্ধনা জানানো হয়।

******